Tractors India

**TIL Limited**
CIN: L74999WB1974PLC041725
Registered Office:
1, Taratolla Road, Garden Reach
Kolkata-700 024
Ph. : 6633-2000, 6633-2845
Fax : 2469-3731/2143
Website : www.tilindia.in

11th November, 2025

The Manager,
Listing Department
National Stock Exchange of India Ltd.,
Exchange Plaza, C-1, Block – G,
Bandra Kurla Complex, Bandra (E),
Mumbai 400 051

Stock Code: TIL

The Secretary,
Listing Department
BSE Ltd.,
P.J. Towers,
Dalal Street, Fort,
Mumbai 400001.

Scrip Code: 505196

Dear Sir/Madam,

**Re: Newspaper Publication for release of Unaudited Financial Results of TIL Limited (the Company) for the Second Quarter & Six Months period ended 30th September, 2025**

Pursuant to Regulation 47 of the SEBI (listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith a copy of the newspaper publication released in "The Economic Times" (all Editions), in English and in "Eisamay" (Kolkata Edition), in Bengali today, i.e., Tuesday, 11th November, 2025, informing about the Unaudited Financial Results (both Consolidated and Standalone) of the Company for the second quarter and six months period ended 30th September, 2025 as approved by the Board of Directors of the Company at its meeting held on Monday, 10th November, 2025.

Kindly take the same in your records.

Thanking you,

Yours faithfully,
For **TIL LIMITED**

Chandrani Chatterjee

**CHANDRANI CHATTERJEE**
**COMPANY SECRETARY**

Encl. As above



■ বিতর্ক বেঙ্গালুরু বিমানবন্দরে নামাজের ছবি ভাইরাল। সঙ্ঘের প্রশ্ন, তা হলে প্রবচন অনুষ্ঠান হবে না কেন?

মোদীকে একটু বেশি ভালোবাসেন তাই এনডিএ ছেড়ে যাচ্ছেন না, দাবি চিরাগ পাসোয়ানের

# এই দেশ

■ স্বস্তি দিল্লি দাঙ্গার কেসে বিজেপির কপিল মিশ্রের বিরুদ্ধে কোনও তদন্ত হবে না, জানাল দিল্লির কোর্ট

বুকে সংক্রমণ নিয়ে লীলাবতী হাসপাতালে ভর্তি ৯০ বছর বয়সি অভিনেতা প্রেম চোপড়া





## বুলিং, সহপাঠীর গোপনাঙ্গে আঘাত!

### হাসপাতালে ক্লাস এইটের ছাত্র



**এই সময়:** ক'দিন আগেই রাজস্থানের জয়পুরে ন'বছরের এক ছাত্রীর স্কুল চত্বরে আত্মহত্যার নেপথ্যে উঠে এসেছিল বুলিংয়ের অভিযোগ। এ বার বুলিংয়ের পাশাপাশি অষ্টম শ্রেণির এক ছাত্রকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল তারই স্কুলের তিন সহপাঠীর বিরুদ্ধে। কর্নাটকের মাইসুরুর এই ঘটনায় ১৩ বছরের ওই ছাত্রের গোপনাঙ্গে গুরুতর আঘাত লেগেছে। অপারেশনের পরে হাসপাতালে চিকিৎসাধীন সে।

ঘটনাটি ২৫ অক্টোবরের। ক্লাস এইটের ওই ছাত্রের দাবি, সেদিন ক্লাসের ওই তিন সহপাঠী তাকে জোর করে শৌচালয়ে নিয়ে গিয়েছিল। সেখানে দু'জন তার হাত চেপে ধরে, অন্যজন তার অণ্ডকোষে লাথি মারতে থাকে। ছেলেটির দাবি, 'এই হেনস্থা শুরু হয়েছিল বছর চারেক আগে থেকে। তখন আমি ক্লাস ফোরে পড়ি। আমাকে ক্লাস লিডার বানানো হয়েছিল। কেউ কোনও দুষ্টুমি পড়লে রিপোর্ট করার ভার ছিল আমার উপরে। তখন থেকেই ওরা আমাকে খেপাত, মারধর করতো। বাড়িতে জানানোর পরে মা স্কুল-টিচারের কাছে অভিযোগ করেছিলেন, কিন্তু কোনও লাভ হয়নি।' ছাত্রটির পরিবারের দাবি, তাঁদের ছেলেকে স্কুলে টাকা ও মোবাইল নিয়ে যেতেও বাধ্য করেছিল ওই তিন সহপাঠী। সেগুলো ছিনিয়ে নেয় তারা। পরিবারের দাবি, ২৫ অক্টোবরের ওই ঘটনার পরে ছেলেটি গুরুতর অসুস্থ হয়ে পড়ায় পুলিশে অভিযোগ জানাতে গিয়েছিলেন তাঁরা, কিন্তু প্রথমে এফআইআর নিতে চাওয়া হয়নি। পরে চাপের মুখে এফআইআর নিতে বাধ্য হয় জয়লক্ষ্মীপুরম থানা। জুভেনাইল জাস্টিস অ্যাক্টে ওই তিন পড়ুয়ার বিরুদ্ধে মামলা হয়েছে। স্কুল কর্তৃপক্ষ ও অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধেও মামলা দায়ের হয়েছে। স্কুলকর্মী ও পড়ুয়াদের সঙ্গে কথা বলছেন তদন্তকারীরা।

## শেষ দফার হালচাল

আজ বিহারে দ্বিতীয় দফার ভোটগ্রহণ। আজ বাকি ১২২টি আসনে ভোটগ্রহণ। প্রথম দফায় রেকর্ড ভোট পড়ার পরে আজ সব পক্ষই তাকিয়ে জনতা জনার্দনের দিকে। এই পর্বে যে সব জায়গায় নির্বাচন, সেখানে দু'পক্ষেরই জোর প্রায় সমান-সমান। শেষ পর্বের প্রচারে ভারতীয় সেনা নিয়ে বিতর্কিত মন্তব্য করেন রাহুল গান্ধী। পাল্টা আক্রমণ শানান মোদী-শাহরা। এই পরিস্থিতিতে কেমন হাল-হকিকত, তার খোঁজ দিল 'এই সময়'

- প্রার্থী ১৩০২ জন
- ভোটার ৩.৭ কোটি
- পুরুষ ১.৯৫ কোটি
- মহিলা ১.৭৪ কোটি

সন্ধে ৬টায় ভোটগ্রহণ শেষ হওয়ার পরে কিছু সংস্থার বুথফেরত সমীক্ষার ফল বা এগজ়িট পোল-এর অনুমান জানা যাবে আজই

### ২০টি জেলার ১২২টি আসনে ভোটগ্রহণ



- মাওবাদী-মুক্ত আবহে ২৫ বছর পরে জামুইয়ের চোরমারা গ্রামের মানুষ ভোট দেবেন
- প্রায় সব আসনই বিহারের মধ্য, পশ্চিম এবং উত্তরে

**উল্লেখযোগ্য আসন:** পশ্চিম ও পূর্ব চম্পারণ, শিবহার, সীতামারি, মধুবনী, সুপল, আরারিয়া, কিষানগঞ্জ, পূর্ণিয়া, কাটিহার, ভাগলপুর, বাঁকা, কাইমুর, রোহতাস, আরওয়াল, জেহানাবাদ, অওরঙ্গাবাদ, গয়া, নওয়াদা এবং জামুই



▼ বিহারের জেহানাবাদে ভোটকেন্দ্রে যাওয়ার আগে সেলফি-বন্দি ভোটকর্মীরা। সোমবার — পিটিআই

## ৭ মাসের অন্তঃসত্ত্বার দেহ সেপটিক ট্যাঙ্কে

**এই সময়:** গত শুক্রবার কলেজ থেকে বাড়ি ফেরার পথে নিখোঁজ হয়েছিলেন বছর আঠেরোর তরুণী। মিসিং ডায়েরি করেছিল পরিবার কিন্তু মেয়ের খোঁজ পেতে যথেষ্ট তৎপরতা দেখাচ্ছে না পুলিশ, অভিযোগ তুলেছিল পরিবার। অবশেষে রবিবার রাতে স্থানীয় একটি দোকান লাগোয়া সেপটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার হলো সেই কলেজছাত্রীর দেহ! তদন্তে জানা গিয়েছে, সাত মাসের অন্তঃসত্ত্বা ছিলেন কলেজ ছাত্রী। ঘটনায় স্থানীয় দোকানদার, ৬৩ বছরের জগৎ সিংকে গ্রেপ্তার করেছে পুলিশ।

ঘটনাটি অসমের জোরহাটের। সেখানের টিটাবোরের নন্দনাথ সাইকিয়া কলেজের প্রথম সেমেস্টারের পড়ুয়া ছিলেন এই তরুণী। শুক্রবার কলেজ থেকে ফেরার পথে তিনি বেপাত্তা হয়ে যাওয়ায় পুলিশের দ্বারস্থ হয় পরিবার। তারাই পুলিশকে জানিয়েছিল, স্থানীয় দোকানদার জগৎ সিংয়ের কুনজর ছিল ওই তরুণীর উপরে। জোরহাটের সিনিয়র পুলিশ সুপার শুভ্রজ্যোতি বোরা বলেন, 'পরিবারের অভিযোগের ভিত্তিতে জগৎ সিংকে জিজ্ঞাসাবাদ শুরু করেছিলাম আমরা। প্রথমে সে কিছুই মানতে চায়নি। পরে স্বীকার করে, ওই কলেজ ছাত্রীর সঙ্গে সম্পর্ক ছিল তার। সেই সম্পর্কের সূত্রে মেয়েটি অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। তা জানতে পেরে গর্ভপাত করানোর চেষ্টা করেছিল জগৎ সিং। তাতে সফল না হওয়ায় খুন করে দেয় তাকে। জগতের বয়ানের ভিত্তিতে সারারাত তল্লাশি চালিয়ে সোমবার ভোর চারটে নাগাদ তার দোকানের পিছনের সেপটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার হয় মেয়েটির দেহ।'

সোমবার জগতের গ্রেপ্তারির খবর ছড়াতেই তার সর্বোচ্চ শাস্তির দাবিতে টিটাবর থানার সামনে বিক্ষোভ দেখাতে থাকেন স্থানীয়রা। তাঁদের দাবি, গ্রামে বসে কালা জাদু প্র্যাক্টিস করত জগৎ। আর সেই ফাঁদে ফেলে গ্রামের অনেক মহিলাকে যৌন নির্যাতন করেছে সে।

### গ্রেপ্তার দোকানদার

এক প্রতিবাদীর কথায়, 'জগতের অনেক ক্ষমতা, সেই কারণেই কেউ ওর বিরুদ্ধে মুখ খোলার সাহস পেত না। কিন্তু এ রকম একটা ভয়ানক ঘটনার পরে আমরা আর চুপ করে থাকব না। জগতের মৃত্যুদণ্ড চাই।'

জোরহাটের ডিএম জয় শিবানী জানান, জগতের বাড়িতে আশ্রমের মতো সেট-আপ মিলেছে। ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। জগতের দুই ছেলে জীবন ও কিষান সিং এবং স্থানীয় কেমিস্ট রেকিবুদ্দিন আহমেদকেও গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের দাবি, কলেজ ছাত্রীর গর্ভপাতের চেষ্টায় সাহায্য করেছিল এরা। কিন্তু সম্ভব হয়নি। তখনই ছাত্রীটিকে খুনের ছক কষে জগৎ। সব জেনেও চুপ থাকা এবং অপরাধে মদতের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে এই তিন জনকে।

## ফার্নেসে দেহ পুড়িয়ে স্ত্রী খুনে প্রমাণ গায়েব

**পুনে:** এ যেন 'দৃশ্যম' রি-রান! সেই সিনেমা বার চারেক দেখে স্ত্রী অঞ্জলিকে খুনের 'নিখুঁত পরিকল্পনা' করে সমীর যাদব নামে এক ব্যক্তি। তবে পুলিশের বুদ্ধির কাছে হার মানতে হয় তাকে। স্ত্রীকে খুন করার অভিযোগে মহারাষ্ট্র পুলিশ তাকে গ্রেপ্তার করেছে। এই দম্পতির দুই শিশুসন্তানও রয়েছে। পুলিশ সূত্রে খবর, গত মাসেই স্ত্রীকে খুন করে সমীর। অভিযুক্ত তাদের জানিয়েছে, একটি 'নতুন' গুদাম দেখানোর অজুহাতে ২৬ অক্টোবর অঞ্জলিকে নিজের ভাড়া করা গুদামে নিয়ে গিয়েছিল সমীর। গুদামের ভিতরে ঢুকে সমীর অঞ্জলিকে গলা টিপে খুন করে। কিন্তু খুনের যাতে কোনও চিহ্ন না থাকে সে জন্য আগে থেকে সে একটা ফার্নেসও তৈরি করে রেখেছিল সেখানে। পুলিশের কথায়, 'অঞ্জলিকে খুনের পরে তাঁর দেহ ওই ফার্নেসে ফেলে দেয় সমীর। সেখানেই পুড়ে ছাই হয়ে যায় তাঁর দেহ। তার পরে সেই ছাই নদীর জলে ভাসিয়ে দেয়!' তারপরে স্ত্রীর মোবাইল থেকে নিজের এক বন্ধুকে লিখে পাঠায় 'আই লাভ ইউ!' উদ্দেশ্য, অঞ্জলির তারই বন্ধুর সঙ্গে বিবাহ-বহির্ভূত সম্পর্ক রয়েছে, তা প্রমাণ করা।

পুলিশ জানিয়েছে, এই সব কাণ্ড ঘটিয়ে সমীর স্ত্রীর নামে 'মিসিং ডায়েরি' করে পুলিশে। বারবার থানায় গিয়ে উদ্বিগ্ন হওয়ার ভানও করত। সে দাবি করে, তারই এক বন্ধুর সঙ্গে 'সম্পর্ক' রয়েছে অঞ্জলির। কিন্তু এক দিন

### 'দৃশ্যম' দেখে প্ল্যান?

পুলিশের কাছে 'নিখোঁজ' স্ত্রীকে খুঁজে দেওয়ার আবেদন করার বদলে সমীর বলে বসে, 'ওর খুনিকে খুঁজে দিন।' তাতেই সন্দেহ বাড়ে তদন্তকারীদের। সমীরকে জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়। পুলিশকে অনেকক্ষণ পর্যন্ত বিভ্রান্ত করার চেষ্টা করলেও অবশেষে অপরাধ কবুল করে সে। তাকে গ্রেপ্তার করা হয়। অভিযুক্ত পুলিশকে জানিয়েছে, 'দৃশ্যম' সিনেমা দেখে সে এই খুনের ছক কষে। তদন্তে নেমে পুলিশ জানতে পেরেছে অন্য এক মহিলার সঙ্গে সমীরেরই গভীর সম্পর্কের কথা।

## দিল্লি এটিসিতে স্পুফিং, তদন্তে ডোভালের দপ্তর



**এই সময়:** সন্দেহ হয়েছিল সে দিনই। যে দিন দিল্লি বিমানবন্দরের এয়ার ট্র্যাফিক কন্ট্রোল (এ টি সি)-এর সিস্টেম বিগড়ে যায়। প্রশ্ন উঠেছিল, সাধারণ কোনও টেকনিক্যাল সমস্যা নাকি 'স্পুফিং' পদ্ধতিতে সাইবার হানায় আক্রান্ত এটিসি?

সেই প্রশ্নের উত্তর খুঁজতে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের দপ্তরের নেতৃত্বে শুরু হলো তদন্ত। বিশেষজ্ঞদের দাবি, যদি দেখা যায় সত্যিই স্পুফিং হয়েছে, তা হলে সেটা ভয়ঙ্কর চিন্তার বিষয়। তার ফলে, আকাশে যে কোনও সময়ে বড়সড় দুর্ঘটনার পরিস্থিতি তৈরি হতে পারে।

গত বৃহস্পতিবারের ঘটনা। আচমকাই দেখা যায় দিল্লির এটিসি-তে ফ্লাইট ডেটা ঠিক মতো আপলোড হচ্ছে না। প্রতিটি ফ্লাইট টেক-অফের আগে তার ফ্লাইট প্ল্যান জমা দিতে হয়। অটোমেটিক মেসেজ সুইচিং সিস্টেম (এএমএসএস)-এর মাধ্যমে তা এটিসি-র সিস্টেমে আপলোড হয়। ফ্লাইট প্ল্যানের এই তথ্যই আকাশে থাকাকালীন বিমান সম্পর্কে এটিসি-কে ডেটা দিতে থাকে। সেটাই বিগড়ে যাওয়ায় দিল্লি থেকে প্রায় ৮০০ ফ্লাইট ডিলে হয়ে যায়। তার ফলে পর্যায়ক্রমে সারা দেশের উড়ানসূচি ঘেঁটে যায়।

সে দিন প্রাথমিক ভাবে মনে করা হয়েছিল, টেকনিক্যাল কারণেই ওই সমস্যা হয়। তবে, স্পুফিং-য়ের

### নজরে সাইবার হানা

আশঙ্কার কথাও বলা হয়েছিল। বিশেষজ্ঞরা জানাচ্ছেন, ফ্লাইট প্ল্যানের ডেটার ভিত্তিতেই সংশ্লিষ্ট বিমানের পাইলটকে নির্দেশ পাঠান এটিসি অফিসারেরা। স্পুফিং হওয়ার অর্থ একটি বিমানের জায়গায় এটিসি-র মনিটরে অন্য বিমানের তথ্য ফুটে উঠবে। ধরা যাক যে বিমানটি ৩০ হাজার ফুট উপর দিয়ে যাচ্ছে, তাকে ৩২ হাজার ফুট উপরে উঠে যেতে বলছে এটিসি। স্পুফিং হলে সেই বার্তা হয়তো পৌঁছে যাবে, ৩৬ হাজার ফুট উচ্চতায় থাকা অন্য বিমানের কাছে। এটিসি-র নির্দেশ মেনে তিনি তখন যদি আরও দু'হাজার ফুট উঠে যান, তখন হয়তো অন্য বিমানের কাছাকাছি চলে আসতে পারেন। ঘটতে পারে দুর্ঘটনা।

দিল্লি এটিসি-র এই ঘটনার দু'দিন পরেই ৯ নভেম্বর এটিসি-তে পৌঁছন বিমানমন্ত্রী রাম মোহন নায়ডু। ততক্ষণে সিস্টেম স্বাভাবিক হয়ে গেলেও ঘটনার গুরুত্ব বুঝে তিনি তদন্তের আশ্বাস দেন। তার প্রেক্ষিতেই ডোভালের দপ্তর ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল এভিয়েশন (ডিজিসিএ) এবং এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া (এএআই)-কে সঙ্গে নিয়ে তদন্তে নেমেছে। যদি সত্যিই স্পুফিং হয়ে থাকে, তা হলে তার সঙ্গে কারা জড়িত, তা খুঁজে বার করতেই এই তদন্ত।







বিজ্ঞাপন

## ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন হাওড়া-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, হাওড়া - এর একজন বাসিন্দা সুকুমার ধর - কে

12.07.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 97J 48748 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি সিকিম রাজ্য লটারিতে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "প্রথমত, আমি ডিয়ার লটারি এবং সিকিম রাজ্য লটারিকে ধন্যবাদ জানাতে চাই এক কোটি টাকার পুরস্কার জেতার এই দারুন সুযোগ দেওয়ার জন্য। আমার পরিবারের সদস্যরা খবরটা শুনে খুবই উত্তেজিত ও অবাক হয়েছে। আমি এই পুরস্কারী টাকা আমাদের পরিবারের আর্থিক অবস্থার উন্নতির জন্য ব্যবহার করব।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।


## সবচেয়ে বড় 'সংখ্যালঘু' মহিলা! তাঁদের সংরক্ষণে সুপ্রিম নোটিস কেন্দ্রকে



**এই সময়:** মহিলা সংরক্ষণ বিল কার্যকর করা নিয়ে কেন্দ্রের বক্তব্য জানতে চাইল সুপ্রিম কোর্ট। মহিলাদের 'সবচেয়ে বড় সংখ্যালঘু গোষ্ঠী' বলে উল্লেখ করে তাঁদের সংরক্ষণের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অবস্থান জানতে চেয়েছে শীর্ষ আদালত। ২০২৪-এর মহিলা সংরক্ষণ আইন অনুযায়ী— লোকসভা, রাজ্য বিধানসভা এবং দিল্লি বিধানসভার এক-তৃতীয়াংশ আসন মহিলাদের জন্য সংরক্ষিত থাকার কথা। কিন্তু আসন পুনর্বিন্যাস প্রক্রিয়া নতুন করে না হওয়া পর্যন্ত এই অ্যাক্ট স্থগিত রাখা হয়েছে। মহিলা সংরক্ষণ আইন অবিলম্বে কার্যকর করার আর্জি নিয়েই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন কংগ্রেস নেত্রী জয়া ঠাকুর। সেই মামলার প্রেক্ষিতে বিচারপতি বিভি নাগরত্ন এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চ কেন্দ্রকে নোটিস পাঠিয়েছে।

> সমানাধিকারের কথা বলে সংবিধানের প্রস্তাবনা। দেশের সবচেয়ে বড় সংখ্যালঘু গোষ্ঠী কারা? মহিলারা...প্রায় ৪৮ শতাংশ! মহিলাদের রাজনৈতিক সমানাধিকারের প্রশ্ন এটা
>
> বিচারপতি বিভি নাগরত্ন

মামলাকারীর তরফে আইনজীবী শোভা গুপ্তার বক্তব্য ছিল, 'স্বাধীনতার ৭০ বছর পরেও মহিলাদের সমান প্রতিনিধিত্বের জন্য আদালতে দৌড়তে হচ্ছে, এটা দুর্ভাগ্যজনক।' জবাবে সুপ্রিম কোর্টের একমাত্র মহিলা বিচারপতি নাগরত্ন বলেন, 'সংবিধানের প্রস্তাবনা রাজনৈতিক ও সামাজিক সমানাধিকারের কথা বলে। দেশের সবচেয়ে বড় সংখ্যালঘু গোষ্ঠী কারা? মহিলারা...প্রায় ৪৮ শতাংশ! এটা মহিলাদের রাজনৈতিক সমানাধিকারের প্রশ্ন।' এ ব্যাপারে কেন্দ্রের জবাব তলবের পাশাপাশি আসন পুনর্বিন্যাসের কাজ কবে করা হবে, তাও জানতে চেয়েছে শীর্ষ আদালত।


## টি আই এল লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা - ৭০০ ০২৪,

ফোন : +৯১ ৩৩ ৬৬৩৩ ২০০০ / ২৮৪৫, ফ্যাক্স : +৯১ ৩৩ ২৪৬৯ ২১৪৩ / ৩৭৩১, CIN : L74999WB1974PLC041725, ওয়েবসাইট : www.tilindia.in

**৩০শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত তিন মাস এবং নয় মাসের একক এবং পুঞ্জীভূত অপরীক্ষিত আর্থিক ফলাফল**

শেয়ার প্রতি আয় ইপিএস ব্যতীত লক্ষ টাকায়

| Sl. No. | Particulars | একক | | | | | | পুঞ্জীভূত | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | তিন মাস বাবদ | | | ছয় মাস বাবদ | | বারো মাস বাবদ | তিন মাস বাবদ | | | ছয় মাস বাবদ | | বারো মাস বাবদ |
| | | ৩০শে সেপ্টেম্বর ২০২৫ | ৩০শে জুন ২০২৫ | ৩০শে সেপ্টেম্বর ২০২৪ | ৩০শে সেপ্টেম্বর ২০২৫ | ৩০শে সেপ্টেম্বর ২০২৪ | ৩১শে মার্চ ২০২৫ | ৩০শে সেপ্টেম্বর ২০২৫ | ৩০শে জুন ২০২৫ | ৩০শে সেপ্টেম্বর ২০২৪ | ৩০শে সেপ্টেম্বর ২০২৫ | ৩০শে সেপ্টেম্বর ২০২৪ | ৩১শে মার্চ ২০২৫ |
| | | অপরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | পরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | অপরীক্ষিত | পরীক্ষিত |
| ১. | কারবার থেকে মোট আয় | ৮,১৪৫ | ৭,০৭১ | ৭,২৫১ | ১৫,২১৬ | ১৪,৯২২ | ৩৪,৩০৭ | ৮,১৪৫ | ৭,০৭১ | ৭,২৫২ | ১৫,২১৬ | ১৪,৯২৪ | ৩৪,৩০৯ |
| ২. | মেয়াদ বাবদ লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী ও/বা বিশেষ দফার আগে) | (৯২৩) | (১,০২৯) | (২৩২) | (১,৯৫২) | (৫২৫) | ৪১৯ | (৯২৪) | (১,০২৯) | (২৩৬) | (১,৯৫৩) | (৫২৯) | ৪১৫ |
| ৩. | করের আগে মেয়াদ বাবদ লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী ও/বা বিশেষ দফার পরে) | (৯২৩) | (১,০২৯) | (২৩২) | (১,৯৫২) | (৫২৫) | ৪১৯ | (৯২৪) | (১,০২৯) | (২৩৬) | (১,৯৫৩) | (৫২৯) | ৪১৫ |
| ৪. | করের পরে সাধারণ কাজে লাভ/(ক্ষতি) (বিশেষ দফার পরে) | (৭৭২) | (৬২২) | (২১০) | (১,৩৯৪) | (৩১৬) | ২৯০ | (৭৭৩) | (৬২২) | (২১৪) | (১,৩৯৫) | (৩২০ছ) | ২৮৬ |
| ৫. | মেয়াদ বাবদ মোট সামগ্রিক আয় [মেয়াদ বাবদ লাভ/(ক্ষতি) (করের পরে) ও অন্য সামগ্রিক আয় (করের পরে) সমেত] | (৭৬৭) | (৬১৮) | (১৯১) | (১,৩৮৫) | (২৭৮) | ৩০৭ | (৭৬৬) | (৬১৮) | (১৯৫) | (১,৩৮৪) | (২৮১) | ৩০৬ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন (শেয়ারের মূল্য প্রতিটি টাঃ ১০/-) | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ | ৬,৬৬০ |
| ৭. | সংরক্ষণ (অন্যান্য ইক্যুইটি ) | | | | | | ১,৬০৬ | | | | | | ১,৫৭৬ |
| ৮. | শেয়ার প্রতি আয় (শেয়ারের মূল্য প্রতিটি টাঃ ১০/-)*(#) | | | | | | | | | | | | |
| | (ক) মূল (টাঃ) | (১.১৬) | (০.৯৩) | (০.৩২) | (২.০৯) | (০.৪৮) | ০.৪৪ | (১.১৬) | (০.৯৩) | (০.৩২) | (২.০৯) | (০.৪৯) | ০.৪৩ |
| | (খ) মিশ্রিত (টাঃ) | (১.১৬) | (০.৯৩) | (০.৩২) | (২.০৯) | (০.৪৮) | ০.৪৪ | (১.১৬) | (০.৯৩) | (০.৩২) | (২.০৯) | (০.৪৯) | ০.৪৩ |

* শেয়ার ওয়ারেন্টের প্রভাব বিবেচনা করার পর ৩০শে জুন, ২০২৫ এবং ৩০শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে শেষ হওয়া তিনমাসের এবং ৩০শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে শেষ হওয়া বছরের জন্য শেয়ার প্রতি লঘু আয় অ্যান্টি ডাইলুটিভ, তাই উপেক্ষা করা হয়েছে (নোট ৪ দেখুন)

# শেষ হওয়া তিন মাস এবং ছয় মাসের পরিসংখ্যান বার্ষিকৃত নয়।

দ্রষ্টব্য :

১) সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস, ২০১৫(এলওডিআর)-এর রেগুলেশন ৩৩ অধীনে ৩০শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত তিনমাস উপরিলিখিত অপরীক্ষিত একক ও পুঞ্জীভূত আর্থিক ফলাফলগুলি ১০ই নভেম্বর, ২০২৫ তারিখে আয়োজিত সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত ও পরিচালকমণ্ডলী দ্বারা অনুমোদিত হয়েছে এবং এগুলি কোম্পানির বিধিবদ্ধ অডিটরগণ দ্বারা 'সীমিত পর্যালোচনা' সাপেক্ষ হয়েছে।

২) ভারতের সিকিউরিটিজ এবং এক্সচেঞ্জ বোর্ডের (সেবি) সম্মানিত বিচারক কর্মকর্তার দ্বারা ৩০ মে, ২০২৪ তারিখের আদেশ অনুযায়ী ১৫ এইচএ এবং ১৫ এইচবি ধারার অধীনে পূর্ববর্তী বছরের বিষয়ের সাথে সম্পর্কিত ১০০ লক্ষ টাকার জরিমানা এবং শাস্তি আরোপ করা হয়েছে। মূল কোম্পানির ব্যবস্থাপনার সম্পূর্ণ পরিবর্তনের ভিত্তিতে আপিলের পর, মুম্বাইয়ের সিকিউরিটিজ আপিল ট্রাইব্যুনাল আপত্তিকর আদেশের কার্যক্রম স্থগিত করেছে পরবর্তী শুনানির তারিখ পর্যন্ত, যা জরিমানার ৫০ শতাংশ পরিমাণ জমা দেওয়ার শর্তে, যা ৩০ সেপ্টেম্বর, ২০২৪ ত্রৈমাসিক-এর মধ্যে জমা দেওয়া হয়েছে। মূল কোম্পানি এই বিষয়ে কোম্পানির পক্ষে সমাধানের আশা করে এবং তাই এই পুঞ্জীভূত আর্থিক ফলাফলে উপরের জন্য কোনো প্রভিশন করা হয়নি।

৩) ৯ই জুন, ২০২৫ তারিখে মূল কোম্পানি পক্ষপাত ভিত্তিতে ৩৭,৫০,০০০ ওয়ারেন্ট বরাদ্দ করেছে, প্রতিটি একটি ইক্যুইটি শেয়ারে রূপান্তরযোগ্য ₹১৬০/- টাকা প্রতিটি ইস্যু মূল্যে, ইস্যু মূল্যের ২৫% (অর্থাৎ প্রতি ওয়ারেন্টের জন্য ₹৪০/- টাকা) ওয়ারেন্ট সাবস্ক্রিপশন মানি হিসেবে প্রাপ্তির পর যার পরিমাণ ₹১,৫০০ লক্ষ টাকা। অবশিষ্ট ৭৫% (অর্থাৎ প্রতি ওয়ারেন্টের জন্য ₹১২০/- টাকা) যার মূল্য ₹৪,৫০০ লক্ষ টাকা, বরাদ্দের তারিখ থেকে ১৮ মাসের মধ্যে ওয়ারেন্টধারীর প্রতিটি ওয়ারেন্টের বিপরীতে, মূল কোম্পানির প্রতিটি ওয়ারেন্টের জন্য ₹১০/- টাকা সম্পূর্ণ পরিশোধিত ইক্যুইটি শেয়ারের জন্য আবেদন করার বিকল্প প্রয়োগের সময় প্রদান হবে।

৪) IND AS 33 অনুসারে, ৩০শে জুন, ২০২৪ তারিখে শেষ হওয়া তিনমাসের রাইট ইস্যু করার ফলে বোনাস উপাদানের জন্য ৩০শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে শেষ হওয়া ছয় মাসে এবং ৩১শে মার্চ, ২০২৫ তারিখে শেষ হওয়া বছরের জন্য প্রতি ইক্যুইটি শেয়ারের মূল এবং শেয়ারের উপার্জন পুনঃস্থাপন করা হয়েছে।

৫) ৩০শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে শেষ হওয়া তিন মাসের এবং ছয় মাসের অন্যান্য আয়ের মধ্যে অফেরতযোগ্য দায় সাপেক্ষে রয়েছে যথাক্রমে ১৭৯ লক্ষ এবং ৯৩০ লক্ষ টাকা রয়েছে। যা আর লিখিতভাবে ফেরত দেওয়ার প্রয়োজন নেই।

৬) গ্রুপের কার্যক্রম শুধুমাত্র ম্যাটেরিয়াল হ্যান্ডলিং সলিউশনের সাথে সম্পর্কিত (অর্থাৎ বিভিন্ন ম্যাটেরিয়াল হ্যান্ডলিং যন্ত্রপাতির উৎপাদন যেমন মোবাইল ক্রেন, পোর্ট যন্ত্রপাতি, স্বয়ং-লোডিং ট্রাক ক্রেন, রোড কনস্ট্রাকশন যন্ত্রপাতি ইত্যাদি এবং স্পেয়ার যন্ত্রপাতিতে ব্যবসা করা এবং সংশ্লিষ্ট যন্ত্রপাতির জন্য পরিষেবা প্রদান করা)। তদুপরি, গ্রুপের প্রধান ভৌগোলিক এলাকা ভারতের মধ্যে। সুতরাং, গ্রুপের শুধুমাত্র একটি রিপোর্টযোগ্য অপারেটিং সেগমেন্ট রয়েছে।

৭) উপরোক্ত বিবরণ সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস,২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে পেশ করা তিনমাস এবং ছয়মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের সংক্ষিপ্তসার। তিনমাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **(www.bseindia.com / www.nseindia.com)** এবং কোম্পানির ওয়েবসাইট **https://www.tilindia.in/investor-relations/quarterly-annual-results**-তে পাওয়া যাবে, যা নিম্নোক্ত QR কোড স্ক্যান করে উপলব্ধ করা যাবে।

৮) চলতি মেয়াদের অনুরূপ করতে পূর্ববর্তী মেয়াদের অর্থাংশগুলি প্রয়োজন অনুসারে পুনর্বিন্যাস/পুনর্বিভাজিত করা হয়েছে।

স্থান : কলকাতা

তারিখ : ১০ই নভেম্বর, ২০২৫

টি আই এল লিমিটেড-এর পক্ষে

সুনীল কুমার চতুর্বেদী

চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর

TIL Tractors India